দৈনিক
ইত্তেফাক

তারিখ: 31 AUG 2016
পৃষ্ঠা 78 ... কলাম ... 2

# শ্যামনগরে এমপিওভুক্ত হয়নি ২৪টি শিক্ষা প্রতিষ্ঠান

## শিক্ষকদের মানবেতর জীবন-যাপন

■ **আব্দুল হাকিম, শ্যামনগর (সাতক্ষীরা) সংবাদদাতা**

সাতক্ষীরার শ্যামনগর উপজেলায় ২৪টি শিক্ষা প্রতিষ্ঠান এখনও এমপিভুক্ত না হওয়ায় শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত প্রায় ২২৮ জন শিক্ষক ও কর্মচারী মানবেতর জীবন-যাপন করছেন। এসব প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা প্রায় দেড় যুগ ধরে পাবলিক পরীক্ষায় নিয়মিত অংশ নিচ্ছে। কিন্তু প্রতিষ্ঠানগুলো এমপিওভুক্ত না হওয়ায় শিক্ষক-কর্মচারীরা পাচ্ছেন না সরকারি সুযোগ-সুবিধা।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ রবিউল ইসলাম জানান, উপজেলার ২৪টি শিক্ষা প্রতিষ্ঠান এমপিভুক্ত হয়নি। এর মধ্যে রয়েছে ২টি কলেজ, ১১টি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক স্কুল ও ১১টি মাদ্রাসা। এসব প্রতিষ্ঠান ১৫ থেকে সর্বোচ্চ ২১ বছর পর্যন্ত নীতিমালা অনুযায়ী সকল শর্তপূরণ করলেও এখনও এমপিভুক্ত হয়নি। এর মধ্যে উপজেলার তপোবন মাধ্যমিক বালিকা বিদ্যালয়টি ১৯৯৪ সালে স্থাপিত হয়েছে। বিদ্যালয়টি ১৯৯৫ সালে পাঠদানের অনুমতি পায়। কিন্তু দীর্ঘ ২১ বছরেও এমপিওভুক্ত হয়নি। বিদ্যালয়ের প্রতিবন্ধী শিক্ষক সুকুমার মন্ডল বলেন, নিয়মিত পাঠদান করছি কিন্তু বেতন-ভাতা যা পাই অনিয়মিত ও সামান্য। এমপিভুক্ত হবে শুনে আশায় বুক বেঁধে আছি।

এ বিষয় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ রবিউল ইসলাম বলেন, এমপিওভুক্তির জন্য ওইসব শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা যথাসময়ে শিক্ষা অধিদপ্তরে পাঠানো হয়েছে।